



নথি নং - বিদ্যালয় শাখা/FARIDPUR/108596/2203786

তারিখঃ ০৬-০৭-২০২২

বিষয়ঃ বিদ্যালয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

- সূত্র : ১। প্রধান শিক্ষকের ০৩-০৩-২০২২ তারিখের আবেদন।  
 ২। ০১/০৩/২০২২ তারিখের গৃহীত সভার সিদ্ধান্ত।  
 ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের ও প্রিজাইডিং অফিসারের ০৯/০৬/২০২২ তারিখের বক্তব্য।  
 ৪। জেলা শিক্ষা অফিসারের ২০/০৬/২০২২ তারিখের প্রেরিত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, নির্বাচনী তফসিল অনুযায়ী, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয় ২০/০১/২০২২। সভাপতি নির্বাচনের তারিখ নির্ধারিত হয় ২৩/০১/২০২২। করোনা মহামারী আকার ধারণ করায় বোর্ডের স্মারক নং-১৪৫১ এবং ৩২; তারিখ: ২৩/০১/২০২২ এর নির্দেশনা অনুযায়ী প্রিজাইডিং অফিসার ২৩/০১/২০২২ তারিখে সভাপতি নির্বাচন স্থগিত করেন। পরবর্তীতে বোর্ডের স্মারক নং- ১১৫; তারিখ: ২২/০২/২০২২ এর আদেশ মোতাবেক প্রিজাইডিং অফিসার সভাপতি নির্বাচনের উদ্দেশ্যে ০১/০৩/২০২২ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা অনুযায়ী আইন শৃঙ্খলা অবনতি হবার আশংকায় উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে উপজেলা পরিষদ হল রুমে সভাপতি নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কোরাম পূর্ণ না হওয়ায় উপস্থিত নির্বাচিত প্রতিনিধিরা সকলে এডহক কমিটি গঠনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানটি ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা-২০০৯ এ প্রবিধি-৮, প্রবিধি-৩৫(১) এবং প্রবিধি-৩৫(৪) সুস্পষ্টভাবে লংঘন করেছে। উক্ত নির্বাচনের অনিয়মসহ প্রাপ্ত অভিযোগ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে তদন্ত করা হয়। জেলা শিক্ষা অফিসার প্রবিধানমালা-২০০৯ এর বিধি-বিধান অনুসরণ না করে প্রতিবেদন দাখিল করেন। ফলে (i) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি-৮, প্রবিধি-৩৫(১) এবং প্রবিধি-৩৫(৪) লংঘন, (ii) বোর্ডের নির্দেশনা মোতাবেক সভাপতি নির্বাচন করতে না পারা, (iii) প্রবিধি ৭ ও ৮ ধারায় গঠিত ম্যানেজিং কমিটি অনুমোদনের কোন সুযোগ না থাকা এবং (iv) ০১/০৩/২০২২ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি-৩৯ মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতি দেওয়া হলো।

বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা ২০০৯ এস.আর.ও নং- ৯৯/আইন/২০০৯-এর ৩৯(১)নং ধারা অনুযায়ী গঠিত এডহক কমিটিতে অন্তর্ভুক্তির জন্য নিম্নোক্ত কাগজপত্র অবিলম্বে এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

- ১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ৩ (তিন) জন ব্যক্তির নাম।
- ২। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)।
- ৩। একজন অভিভাবক প্রতিনিধির নাম (জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)।

প্রধান শিক্ষক  
 BANA M.A. MAJID HIGH SCHOOL  
 ALFADANGA, FARIDPUR.

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে  
 স্বাঃ  
 বিদ্যালয় পরিদর্শক  
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং- বিদ্যালয় শাখা/FARIDPUR/108596/2203786 (৩)  
 তারিখঃ ০৬-০৭-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, FARIDPUR.
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ALFADANGA, FARIDPUR.
- ৩। জেলা শিক্ষা অফিসার, FARIDPUR.
- ৪। অফিস কপি।

০৬-০৭-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা